আজকের কাগজ

তারিখ 10 FEB 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

### শিক্ষা সপ্তাহের শেষ দিনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

# শিক্ষাঙ্গনে সেশন জট ও সহিংসতা ঐক্যবদ্ধভাবে মোকাবেলা করতে হবে

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষাঙ্গনে সেশনজট ও ক্যাম্পাসে সহিংসতার মতো জটিল সমস্যাগুলো ঐক্যবদ্ধভাবে মোকাবেলার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধির ওপর আমরা যেভাবে গুরুত্ব দিচ্ছি শিক্ষার মানোন্নয়নের ওপরও আমাদের সেভাবে গুরুত্ব দিতে হবে। আর এ জন্যে শিক্ষা প্রতিষ্ঠানে সবকিছুর আগে দরকার স্বাভাবিক পরিবেশ।

বেগম জিয়া দক্ষ ও মেধাবী নাগরিক সৃষ্টির লক্ষ্যে শিক্ষাঙ্গনের সমস্যাগুলো দলমত নির্বিশেষে সবাইকে মতামত প্রদান ও সহযোগিতা করার জন্যে আহবান জানান।

গতকাল সকালে ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় শিক্ষা সপ্তাহের শেষ দিনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী একথা বলেন।

অনুষ্ঠানে ২৫টি স্কুল কলেজ ও মাদ্রাসাকে সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পুরস্কৃত করা হয়। ৩৫ জন কৃতি শিক্ষক এবং ৭২ জন কৃতি শিক্ষার্থীকে স্বর্ণপদক দেয়া হয়। বেগম জিয়া বলেন, ক্যাম্পাসের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্যে ছাত্র-শিক্ষক সবাইকে স্ব-স্ব দায়িত্ব পালনে মনোযোগী হতে হবে। তিনি ছাত্র-ছাত্রীদেরকে সুশৃংখল জীবন গড়ার পরামর্শ দেন এবং আগামী দিনে জাতিকে সাফল্যের পথে এগিয়ে নেয়ার জন্যে যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠার প্রস্তুতি গ্রহণ করতে বলেন।

প্রধানমন্ত্রী বলেন, সবার জন্যে শিক্ষা নিশ্চিত করার জন্যে তার সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীর তালিকা বেড়েছে এবং শিক্ষার্থীদের শিক্ষাঙ্গনে ত্যাগের সংখ্যা কমে গেছে। গ্রামীণ এলাকায় মেয়েদের জন্যে অবৈতনিক শিক্ষা চালু করা হয়েছে। নারী শিক্ষার ওপর গুরুত্ব এবং তাদের জন্যে বৃত্তির ব্যবস্থা করা হয়েছে। শিক্ষাকে গতিশীল করার জন্যে সুযোগ-সুবিধা বাড়ানো হয়েছে। বেসরকারি প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। এছাড়া, সরকার বেসরকারি উদ্যোগকে উৎসাহিত করছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার এবং শিক্ষা সচিব এরশাদুল হক। খবর ইউএনবি।